বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১০৬

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## সার্কুলার

**বিষয়: পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ (পিপিআর-২০২৫) মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন পণ্য, কার্য, ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন সংক্রান্ত।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন পণ্য, কার্য, ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে বির্নিদেশ ও দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) নিরুপণে পিপিআর-২০২৫ এর বিধি-৯ মোতাবেক বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠনের সময় নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

**মাঠ পর্যায়ের দপ্তরমূহের ক্ষেত্রে (উন্নয়ন ও পরিচালন বাজেটের ক্ষেত্রে):**

ক) প্রাক্কলন অনুমোদনকারী প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/সমমানের কর্মকর্তা হলেঃ

| ক্রমিক নং | বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি |
|---|---|
| ১ | সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ২ | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ৩ | সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ৪ | বাপাউবো'র অন্য কোনো ক্রয়কারী দপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ৫ | সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা/ সমমানের কর্মকর্তা |

খ) প্রাক্কলন অনুমোদনকারী তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সমমানের কর্মকর্তা হলেঃ

| ক্রমিক নং | বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি |
|---|---|
| ১ | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ২ | সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ৩ | বাপাউবো'র অন্য কোনো ক্রয়কারী দপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ৪ | সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা/ সমমানের কর্মকর্তা |

গ) প্রাক্কলন অনুমোদনকারী নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা হলেঃ

| ক্রমিক নং | বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি |
|---|---|
| ১ | সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ২ | বাপাউবো'র অন্য কোনো ক্রয়কারী দপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা |
| ৩ | সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা/ সমমানের কর্মকর্তা |

২। উন্নয়ন সহযোগী/ জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন যে সকল প্রকল্প পরিচালকের পৃথক দপ্তর রয়েছে এবং মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলী ক্রয়কারী (PE)

ক) প্রকল্প পরিচালক প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী ও প্রাক্কলন অনুমোদনকারী হলে ১(ক) এবং প্রকল্প পরিচালক তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রাক্কলন অনুমোদনকারী হলে ১(খ) মোতাবেক কমিটি গঠন করতে হবে।

খ) তবে প্রকল্প পরিচালকের পরিবর্তে প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী হলে, ১ (ক)

মোতাবেক গঠিত কমিটি গঠন হবে যেখানে ক্রমিক নং-১ এ উল্লেখিত কর্মকর্তার পরিবর্তে প্রকল্প পরিচালক কমিটির সদস্য হবে।

৩। উন্নয়ন সহযোগী/ জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন যে সকল প্রকল্প পরিচালকের পৃথক দপ্তর রয়েছে সেক্ষেত্রে প্রকল্প পরিচালক ক্রয়কারী (PE) হলে এবং অন্যান্য সকল দপ্তরের ক্ষেত্রে ক্রয়কারীর নিজ দপ্তর ও বাপাউবো'র অন্য ক্রয়কারীর দপ্তরের কর্মকর্তার সমন্বয়ে ০৩ (তিন) সদস্যবিশিষ্ট বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন করতে হবে।

৪। বিশেষ পণ্য ক্রয়ের ক্ষেত্রে যেমন: : ড্রেজার, যন্ত্রপাতি, আইটি সামগ্রী প্রভৃতি ক্ষেত্রে কমিটি কারিগরী বিনির্দেশ(Technical Specification) ও প্রাক্কলন প্রস্তুত করবে এবং সেক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে ক্রয়কারী বর্হিভূত সদস্য অর্ন্তভূক্ত করে সর্বোচ্চ ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করতে পারবে।

৫। কার্য ক্রয়ের ক্ষেত্রে কোনো আইটেমের কারিগরী বিনির্দেশ না থাকলে কমিটি কারিগরী বিনির্দেশ প্রস্তুত করবে।

৬। উন্নয়ন প্রকল্পের সার্বিক ক্রয় পরিকল্পনায় উল্লেখিত ব্যয় মোতাবেক অনুমোদনকারী নির্ধারণপূর্বক বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন করতে হবে। কমিটি কর্তৃক প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় উন্নয়ন প্রকল্পের সার্বিক ক্রয় পরিকল্পনায় উল্লেখিত প্রাক্কলিত ব্যয় অপেক্ষা অধিক হলে, পিপিআর-২০২৫ এর বিধি-২৫ (১০) মোতাবেক তা অনুমোদনের জন্য ক্রয়কারী কার্যালয় প্রধান তথা মহাপরিচালক, বাপাউবো মহোদয় এর নিকট প্রেরণ করতে হবে।

৭। ক্রয়কারী (PE) কমিটি বিনির্দেশ ও প্রাক্কলন গঠন সংক্রান্ত দপ্তরাদেশ জারী করবেন এবং প্রাক্কলন অনুমোদনকারী কর্মকর্তা হতে কমিটি অনুমোদনের প্রয়োজন নেই। সকল ক্ষেত্রেই কমিটি প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় সীলগালা খামে যথাযথ কর্তৃপক্ষ (প্রযোজ্য ক্ষেত্রে) এর মাধ্যমে অনুমোদনকারীর নিকট প্রেরণ করবে।

৮। পিপিআর-২০২৫ এর বিধি ১৯ মোতাবেক বিনির্দেশ ও প্রাক্কলন প্রস্তুত কমিটি নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন।

৯। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলারটি অবিলম্বে কার্যকর হবে।


১২-১০-২০২৫
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
০২২২২২৩০০১৫
se.cpc.bwdb@gmail.com


সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা, ................................................, বাপাউবো।
২। প্রকল্প পরিচালক (সকল), ................................................, বাপাউবো।
৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল), ................................................, বাপাউবো।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পনগ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।

১২-১০-২০২৫
সৌরভ কুমার দাস
নির্বাহী প্রকৌশলী (পুর)